

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউটের
সাধারণ/আজীবন/প্রতিষ্ঠানের সদস্যপদ সম্পর্কিত নিয়মাবলী

১. উদ্দেশ্য:

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউটের ভিশন ও মিশনের সাথে সামঞ্জস্য রেখে সাধারণ সদস্যপদ প্রবর্তনের মূল উদ্দেশ্য হলো—

- কবি নজরুলের সাহিত্য, সংগীত, দর্শন ও আদর্শকে জাতীয় ও আন্তর্জাতিক পরিসরে প্রসারিত করা।
- কবির অসাম্প্রদায়িক, মানবতাবাদী ও সাম্যের চেতনা সমাজে প্রতিষ্ঠার লক্ষ্যে আপামোর জনগণের অংশগ্রহণ নিশ্চিত করা।
- গবেষণা, প্রকাশনা, প্রশিক্ষণ ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে সাধারণ নাগরিকদের সম্পৃক্ত করা।
- নতুন প্রজন্মের মাঝে নজরুলের জীবন ও কর্মের শিক্ষা ছড়িয়ে দেওয়া।
- ইনস্টিটিউটের কার্যক্রমে অংশগ্রহণের মাধ্যমে সংস্কৃতি ও মানবিক মূল্যবোধ সমৃদ্ধ সমাজ গঠনে অবদান রাখা।
- ইনস্টিটিউটের সাথে সংশ্লিষ্ট থেকে সদস্যগণ নজরুল চর্চা সমৃদ্ধ করবেন।
- সদস্যগণ ইনস্টিটিউটের সাথে সংশ্লিষ্ট থাকলে জাতীয় কবি'র জন্য প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানে তাদের অংশীদারিত্ব সৃষ্টি হবে।

২. সদস্যপদের ধরন:

- ক) সাধারণ সদস্যপদ। যা প্রতি বছর নবায়নযোগ্য।
- খ) আজীবন সদস্যপদ।
- গ) প্রতিষ্ঠানের সদস্যপদ (আজীবন)।

৩. সদস্যপদ প্রাপ্তির যোগ্যতা:

যেকোনো প্রাপ্তবয়স্ক ব্যক্তি ও প্রতিষ্ঠান জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জীবন ও কর্মে আগ্রহী এবং ইনস্টিটিউটের লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে একমত।

৪. সদস্যপদ ফি:

- ক) সাধারণ সদস্যপদ ফি ১০০০ (এক হাজার) টাকা। নবায়ন ফি ১০০০ (এক হাজার) টাকা।
- খ) আজীবন সদস্যপদ ফি ৫০০০ (পাঁচ হাজার) টাকা।
- গ) প্রতিষ্ঠানের জন্য আজীবন সদস্যপদ ফি ১০০০০ (দশ হাজার) টাকা।
- ঘ) আইডি কার্ডের জন্য ২০০ (দুইশত) টাকা।

৫. সদস্যদের সুবিধাদি:

সাধারণ সদস্যরা নিম্নলিখিত সুবিধা ভোগ করবেন—

- ক) ইনস্টিটিউট প্রকাশিত বই ও জার্নাল ক্রয়ের ক্ষেত্রে ৫০% কমিশন সুবিধা। একবার এক কপি।
- খ) ইনস্টিটিউট কর্তৃক পরিচালিত বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে রেয়াতী হারে (১০%) সদস্যগণ বা তাদের পরিবারের সদস্যরা (স্বামী/স্ত্রী/সন্তান) ভর্তি হতে পারবেন।
- গ) ইনস্টিটিউট কর্তৃক আয়োজিত সাংস্কৃতিক, সাহিত্য, গবেষণামূলক ও প্রশিক্ষণমূলক কর্মসূচিতে অংশগ্রহণের সুযোগ।
- ঘ) সদস্যদের জন্য নির্ধারিত বিশেষ অনুষ্ঠানসমূহে অগ্রাধিকার ভিত্তিতে আমন্ত্রণ।
- ঙ) রেয়াতি হারে ইনস্টিটিউটের ৩০০ আসনবিশিষ্ট অডিটোরিয়াম এবং সেমিনার কক্ষ রেয়াতি ব্যবহারের সুযোগ পাবে।
- চ) সদস্যদের বার্ষিক পুনর্মিলনী অনুষ্ঠানে অংশগ্রহণের সুযোগ পাবে।

৬. সদস্যদের দায়িত্ব:

- ক) ইনস্টিটিউটের নীতি, উদ্দেশ্য ও নিয়মকানুন মেনে চলা।
- খ) সদস্যপদ ও ইনস্টিটিউটের মর্যাদা ক্ষুণ্ণ হয় এমন আচরণ থেকে বিরত থাকা।
- গ) নির্ধারিত সময়ে ফি প্রদান করা।

৭. সদস্যপদ বাতিলের শর্ত:

- ক) নির্ধারিত ফি প্রদান না করলে। (এক বছর পর্যন্ত)
- খ) ইনস্টিটিউটের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয় এমন কর্মকাণ্ডে যুক্ত হলে।
- গ) এ সংক্রান্ত বিষয়ে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউটের নির্বাহী পরিচালকের সিদ্ধান্তই চূড়ান্ত হবে।

৮. চূড়ান্ত ক্ষমতা:

সাধারণ সদস্যপদ প্রদান, নবায়ন ও অন্যান্য প্রশাসনিক বিষয়ে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউটের নির্বাহী পরিচালকের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

MA. 

(মোঃ লতিফুল ইসলাম শিবলী)

নির্বাহী পরিচালক (গ্রেড-১)